

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 13-06-2024**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

.....

**P.M.Tour on Itali:**

G-7 শীর্ষ সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ইটালির আপুলিয়ায় যাচ্ছেন। আগামীকাল এখানে G-7 ভুক্ত দেশগুলোর শীর্ষ সম্মেলনের আয়োজন করা হয়েছে। নয়াদিল্লীতে বিদেশ সচিব বিনয় কোয়াত্রা গতকাল সংবাদ মাধ্যমকে জানান, আমন্ত্রিত সদস্য দেশ হিসাবে G-7 সম্মেলনে উপস্থিত থাকার জন্য ভারতকে আমন্ত্রণ জানানো হয়েছে। তৃতীয় বারের জন্য প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব গ্রহণের পর এটাই হবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রথম বিদেশ সফর।

\*\*\*\*\*

**কৃষিমন্ত্রী:**

ত্রিপুরা থেকে আজ মধ্যপ্রাচ্যের ওমানে জৈব পদ্ধতিতে উৎপাদিত সুস্বাদু আনারস রপ্তানি করা হবে। কৃষিমন্ত্রী রতনলাল নাথ গতকাল এই সংবাদ জানান, তিনি গতকাল আগরতলার A.D নগরে কৃষি গবেষণা কেন্দ্রে এক পর্যালোচনা বৈঠকে জানান, এখন পর্যন্ত ৩২.৫ মেট্রিক টন আনারস বিদেশে রপ্তানি করা হয়েছে। আনারস ছাড়াও ত্রিপুরা থেকে কাঁঠাল, বেল, তেঁতুল, সাতকরা, লেবু ইত্যাদি রপ্তানি করা হয়েছে। পর্যালোচনা বৈঠকে তিনি জানান, ত্রিপুরা ধান উৎপাদনে সারা দেশে পঞ্চম স্থানে

রয়েছে। রাজ্যে প্রতি হেক্টর পিছু ধান উৎপাদন হয় ৩৪৫৯ মেট্রিকটন। ২০২৩-২৪ অর্থ বছরে ত্রিপুরায় ধান উৎপাদন হয়েছে ৮ লাখ ৫০ হাজার মেট্রিকটন। এ বছর তার লক্ষ্য মাত্রা ৯ লাখ ৫৪ হাজার মেট্রিক টন। কৃষিমন্ত্রী গতকাল আগরতলার অরুন্ধতীনগরস্থিত কৃষি গবেষণা কেন্দ্রে আয়োজিত এক পর্যালোচনা সভায় একথা বলেন। তিনি বলেন, ধান, শাক সবজি উৎপাদনে রাজ্যের সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ জেলা সয়ম্বর। খোয়াই, ধলাই উনকোটি জেলা সয়ম্বরতা অর্জনের কাছাকাছি রয়েছে। ত্রিপুরাই একমাত্র রাজ্য যেখানে ইউরিয়া, এম এস পি প্রভৃতি কৃষি সারে ভর্তুকিতে দেওয়া হয়। উদ্যান জাত ফসল উৎপাদনেও রাজ্যের যথেষ্ট অগ্রগতি রয়েছে।

\*\*\*\*\*

#### C.M.Tripura

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, উড়িষ্যা রাজ্যের ব্যাপক অগ্রগতি এখন শুধু সময়ের অপেক্ষা। গতকাল উরিষ্যার ভুবনেশ্বর মোহন মাঝির নেতৃত্বে উরিষ্যার বিজেপি সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠানে অংশ নেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। সংবাদ মাধ্যমের কাছে প্রতিক্রিয়ায় মুখ্যমন্ত্রী বলেন, উড়িষ্যা রাজ্যে এখন ব্যাপক উন্নয়ন প্রতিক্ষা করছে। মোহন মাঝির নেতৃত্বে উরিষ্যার উন্নয়নে এক নতুন দিক নির্দেশনা তৈরী হবে বলে তিনি আশা প্রকাশ করেন। উড়িষ্যাবাসীকে শুভেচ্ছা জানান তিনি। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল পুরীর জগন্নাথ মন্দিরে যান ও পূজা দেন। তিনি জগন্নাথ দেবের কাছে রাজ্যবাসীর সুখ শান্তির জন্য প্রার্থনা করেন।

গতকাল শপথ অনুষ্ঠানে যোগ দিতে ভুবনেশ্বর পৌছালে মুখ্যমন্ত্রীকে উড়িষ্যা বিজেপি দলের কর্মকর্তারা স্বাগত জানান।

\*\*\*\*\*

#### **Oath Arunachol Prodesh BJP:**

বিজেপি নেতা প্রেমা খান্দু আজ অরুনাচল প্রদেশের মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নেবেন । বিজেপি সভাপতি জে পি নাড্ডা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বলে জানানো হয় ।

\*\*\*\*\*

#### **Review meeting:**

গোমতী জেলায় স্বাস্থ্য বিষয়ক পরিকাঠামো উন্নয়নের জন্য চলতি অর্থবছরে প্রায় 30 কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। পরিকাঠামো উন্নয়নের সিদ্ধান্তগুলি যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে গতকাল গোমতী জেলাশাসক তড়িৎ কান্তি চাকমার পৌরোহিত্য এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয় । এই বৈঠকে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সহকারী সভাপতি দেবল দেবরায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার, জেলার আটটি ব্লকের জন প্রতিনিধিগণ ।

\*\*\*\*\*

#### **ক্রীড়ামন্ত্রীর সকাশে প্যারা সুইমার :**

ক্রীড়ামন্ত্রী টিংকু রায়ের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করলেন রাজ্যের দুই প্যারা সুইমার বিনীত রায় ও সমীর বর্মণ। সিঙ্গাপুরে অনুষ্ঠিত আন্তর্জাতিক সিটি প্যারা সুইমিং চ্যাম্পিয়নশিপে প্রথমবারের মতো

ৰাজ্যের এই দুই প্যারা সুইমার অংশগ্রহণ করেন। এর মধ্যে  
বিনীত রায় ব্রোঞ্জ পদক লাভ করে । সমীর বর্মণও ভালো  
পারফরম্যান্স করেছিলেন। তাদের শুভেচ্ছা জানান ক্রীড়ামন্ত্রী।  
তিনি এই দুই প্যারা সুইমারের সাফল্যও কামনা করেন।

\*\*\*\*\*

## মেয়েদের স্কুল ক্রিকেট :

সদরের আন্তঃ স্কুল মেয়েদের টি-২০ ক্রিকেটের দুটি  
সেমিফাইনাল আজ হবে। পুলিশ ট্রেনিং একাডেমি মাঠে সকালে  
আসাম রাইফেলস্ পাব্লিক স্কুল খেলবে নন্দননগর স্কুলের বিরুদ্ধে।  
পরে দুপুরে দ্বিতীয় সেমিফাইনালে প্রণবানন্দ বিদ্যামন্দির খেলবে  
বিদ্যাসাগর স্কুলের বিরুদ্ধে। ১৫ জুন আসরের ফাইনালে খেলাটি  
হবে।

\*\*\*\*\*

Weather:

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ  
সাধারণত মেঘলা থাকবে । বজ্র বিদ্যুত সহ হালকা মাঝারি  
ধরনের বৃষ্টির সম্ভাবনা রয়েছে । কোথাও দমকা হাওয়াও বয়ে  
যেতে পারে । আগরতলা তার আশেপাশে গতকাল সকাল  
থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টি হয়েছে ২ মিলিমিটার । আগরতলায়  
আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৬ ডিগ্রী সেলসিয়াস ।  
দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি ।

\*\*\*\*\*

\*\*\*\*\*





